# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৩৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দুই আসর তথা আসর ও ফজরের সালাতের ব্যাপারে যত্নবান হওয়ার নির্দেশ দ্বারা উদ্দেশ্য হলো অন্যান্য সালাতের উপর এই দুই সালাতের ব্যাপারে অধিক গুরুত্বারোপ করা; এটা উদ্দেশ্য নয় যে, সব সালাত আদায় না করে শুধু এই দুই সালাত আদায় করলে, তা যথেষ্ট হয়ে যাবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَمْرَ بِالْمُحَافَظَةِ عَلَى الْعَصْرَيْنِ إِنَّمَا هُوَ أَمْرُ تَأْكِيدٍ عَلَيْهِمَا مِنْ بَيْنِ الصَّلَوَاتِ لَا أَنَّهُمَا يُجْزِيَانِ عَنِ الْكُلِّ

---

আরবী

1739 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ بِفَمِ الصُّلْحِ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ شَاهِينٍ قَالَ: حَدَّثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ دَاوُدَ بْنِ أَبِي هِنْدَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ فَضَالَةَ عَنْ أَبِيهِ قَالَ: عَلَّمَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَانَ فِيمَا عَلَّمَنَا قَالَ: (حافظوا عَلَى الْعَصْرَيْنِ) قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ وَمَا الْعَصْرَانِ؟ قَالَ: (صَلَاةٌ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَصَلَاةٌ قَبْلَ غُرُوبِهَا)

الراوي : فَضَالَةَ بْن عَبْدِ اللَّهِ اللَّيْثِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1739 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (455).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: سَمِعَ دَاوُدُ بْنُ أَبِي هِنْدَ هَذَا الْخَبَرَ مِنْ أَبِي حَرْبِ بْنِ أَبِي الْأَسْوَدِ وَمِنْ عَبْدِ اللَّهِ بْنِ فَضَالَةَ عَنْ فَضَالَةَ وَأَدَّى كُلَّ خَبَرٍ بِلَفْظِهِ فَالطَّرِيقَانِ جَمِيعًا مَحْفُوظَانِ

وَالْعَرَبُ تَذْكُرُ فِي لُغَتِهَا أَشْيَاءَ عَلَى الْقِلَّةِ وَالْكَثْرَةِ وَتُطْلِقُ اسْمَ (الْقَبْل) عَلَى الشَّيْءِ الْيَسِيرِ وَعَلَى الْمُدَّةِ الطَّوِيلَةِ وَعَلَى الْمُدَّةِ الْكَبِيرَةِ كَقَوْلِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي أَمَارَاتِ السَّاعَةِ: (يَكُونُ مِنَ الْفِتَنِ قَبْلَ السَّاعَةِ كَذَا) وَقَدْ كَانَ ذَلِكَ مُنْذُ سِنِينَ كَثِيرَةٍ وَهَذَا يَدُلُّ عَلَى أَنَّ اسْمَ (الْقَبْلِ) يَقَعُ عَلَى مَا ذَكَرْنَا لَا أَنَّ (الْقَبْلَ) فِي اللُّغَةِ يَكُونُ مَقْرُونًا

بِالشَّيْءِ حَتَّى لَا يُصَلِّيَ الْغَدَاةَ إِلَّا قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَلَا الْعَصْرَ إِلَّا قَبْلَ غُرُوبِهَا إِرَادَةَ إِصَابَةِ الْقَبْلِ فِيهَا.

বাংলা

১৭৩৯. ফাযালাহ বিন আব্দুল্লাহ লাইসী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে দ্বীনের বিভিন্ন শিক্ষা দেন। তিনি আমাদের যা শিক্ষা দিয়েছিলেন, তন্মধ্যে অন্যতম হলো “তোমরা দুই আসর (আসর ও ফজর) এর ব্যাপারে যত্নবান হবে।” রাবী বলেন, “আমি বললাম, দুই আসরের সালাত কী?” জবাবে তিনি বলেন, “সূর্য উদয়ের আগের সালাত (ফজরের সালাত) এবং সূর্য অস্ত যাওয়ার আগের সালাত (আসরের সালাত)।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “দাঊদ বিন আবূ হিন্দ হাদীসটি আবূ হারব বিন আবুল আসওয়াদ এবং আব্দুল্লাহ বিন ফাযালাহ থেকে শ্রবণ করেছেন, তারা হাদীসটি বর্ণনা করেছেন ফাযালাহ থেকে। তিনি প্রত্যেকটি হাদীস তার শব্দে বর্ণনা করেছেন। কাজেই দুটি হাদীসই মাহফূয।”

আরবরা তাদের ভাষায় অল্প ও অধিক বোঝাতে অনেক শব্দ ব্যবহার করে থাকেন। তারা الْقَبْلِ (আগে) শব্দটিকে অল্প জিনিস, দীর্ঘ সময় ও অনেক প্রলম্বিত সময়ের ক্ষেত্রে ব্যবহার করে থাকেন। যেমন: কিয়ামতের বিভিন্ন আলামত সম্পর্কে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “কিয়ামতের আগে এই এই ফিতনা সংঘটিত হবে” অথচ সেটি বহু বছর আগে সংঘটিত হয়েছে। সুতরাং এটি প্রমাণ করে যে, الْقَبْلِ (আগে) বিশেষ্যটি আমরা যা উল্লেখ করলাম, সেভাবে ব্যবহৃত হয়। এমন নয় যে, الْقَبْلِ (আগে) বিশেষ্যটি সংশ্লিষ্ট জিনিসের সাথে যুক্ত হতে হবে। সেই হিসেবে এটা বলা যাবে না যে, الْقَبْلِ (আগে) শব্দের একুরেট অর্থ অনুসারে ফজরের সালাত সূর্য উদয়ের ঠিক আগে আগেই সালাত করতে হবে, এবং আসরের সালাত সূর্য অস্ত যাওয়ার ঠিক আগে আগেই আদায় করতে হবে; তার আগে আদায় করা যাবে না।”

ফুটনোট

[1] আবূ দাউদ: ৪২৮; তাবারানী আল কাবীর: ১৮/৮২৬; তাহাবী, মুশকিলুল আসার: ১/৪৪০; সুনান বাইহাকী: ১/৪৬৬; হাকিম: ১/১৯৯-২০০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ : ৪৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ফাযালাহ বিন আব্দুল্লাহ লাইসী (রা.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90955

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন